

শ্রেয়িক কবি শ্রীমৎ অশ্বিনী কুমার সরকার মহাশয় রচিত
বিক্ষিপ্তভাবে প্রকাশিত ও অপ্রকাশিত ২২টি গানের সংযোজন

বিক্ষিপ্তভাবে প্রকাশিত গান সমূহ

(১নং) ১৫৫ নং গান

শ্রীমতি হইয়া শ্রীপরতি চাহিয়া,

শ্রীপদে সপিয়া দেওরে জীবন।

দেওরে জীবন, ও মন দেওরে জীবন,

শ্রীপদে সপিয়া দেওরে জীবন ॥

১। যদি বল অষ্ট সখী পাব কই,

অষ্ট সাত্ত্বিক বিকার সখি আছে অই।

প্রেম সোহাগে মাতাও অনুরাগে

শ্রীহরি পদ যুগে হওরে মগন ॥

২। যে রূপেতে কিশোরী সেজেছিল শ্যাম,

সেই রূপেতে শ্রীহরি সাজ ত্যাজ কাম।

ধরম করম যাবে, সরম ভেরম যাবে,

তবে হবে, পাবি প্রেম আশ্বাদন ॥

৩। সেজে গোপবধু শুধু ভক্তির কাম,

শ্যাম কলঙ্কিনী রটাই যে নাম।

কুমতি কুটিলা প্রেমে বাদী হলে

নিজ্জনে নাথের সনে হওরে মিলন ॥

৪। বিনা সূতে গেঁথে মনোফুলের মালা

মনোহরের গলে দোলাও মন আমার।

আনন্দিত মনে, শ্রদ্ধারস চন্দনে, পদারবিন্দে করবে অর্পন ॥

৫। প্রেম সম্বন্ধে মহানন্দ কর,

প্রেমানন্দে মেতে থাক হরির পায়।

হৃদয় বাসর করি, সাজাও পরাগ হরি

অশ্বিনী দেখবি সেই যুগল মিলন ॥